



## জাতীয় মানবাধিকার কমিশন

(জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা গঠিত সংবিধিবদ্ধ স্বাধীন প্রতিষ্ঠান)  
গুলফেশা প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার ঢাকা-১২১৭  
চেয়ারম্যান # ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য # ৯৩৩৬৩৬৯, সচিব # ৯৩৩৬৮৬৩  
ফ্যাক্স # ৮৩৩৩২১৯, ই-মেইল: [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

স্মারক নং: জামাক/বিবিধ/০৬/০৮/৮২২

তারিখ: ৫ জুন ২০১৩

### প্রেস বিজ্ঞপ্তি

**৫ জুন, ২০১৩:** আজ দুপুর ০৩.৩০ ঘটিকায় বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি অ্যাডভোকেট আব্দুল হামিদ এর কাছে জাতীয় মানবাধিকার কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১২ জমা দেওয়া হয়েছে। জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমানের নেতৃত্বে এ প্রতিনিধি দলে ছিলেন কমিশনের সার্বক্ষণিক সদস্য জনাব কাজী রিয়াজুল হক, অবৈতনিক সদস্য অধ্যাপক ড. নীরু কুমার চাকমা, সেলিনা হোসেন, আরমা দত্ত ও নিরুপা দেওয়ান।

অধ্যাপক ড. মিজানুর রহমান মহামান্য রাষ্ট্রপতিকে কমিশনের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। মহামান্য রাষ্ট্রপতি কমিশনের সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং এই আশা ব্যক্ত করেন যে, দরিদ্র জনগণের মানবাধিকার রক্ষার্থে বিশেষ করে বর্তমান প্রেক্ষাপটে গার্মেন্টস শ্রমিকদের জান-মালের নিরাপত্তা ও উন্নত জীবনমান নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকল সংস্থাকে নিয়ে একসঙ্গে কাজ করতে জাতীয় মানবাধিকার কমিশন কার্যকর অনুঘটকের ভূমিকা পালন করবে। তিনি জাতীয় মানবাধিকার কমিশনের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন।

ধন্যবাদসহ,

**মোঃ তাজুল ইসলাম চৌধুরী**

সচিব, জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

ফোন: ৯৩৩৬৮৬৩